



সাউথইস্ট ব্যাংক লিমিটেডের ৮ম বিশেষ সাধারণ সভা এবং ২২তম বার্ষিক সাধারণ সভা ২২ মে, ২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত হয়। ছবিতে ব্যাংকের চেয়ারম্যান আলমগীর কবির, এফসিএ-কে অন্যান্য পরিচালকগণের উপস্থিতিতে ব্যাংকের সাধারণ সভা পরিচালনা করতে দেখা যাচ্ছে।

সাউথইস্ট ব্যাংকের সাধারণ সভা অনুষ্ঠিত এবং ২০% নগদ লভ্যাংশ ঘোষিত

গত ২২শে মে, ২০১৭ ইং রোজ সোমবার, অফিসার্স ক্লাব ঢাকা, ২৬ বেইলী রোড, ঢাকায় সাউথইস্ট ব্যাংক লিমিটেড এর ৮ম বিশেষ সাধারণ সভা (ইজিএম) এবং ২২তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হয়। সভায় ব্যাংকের পরিচালক ও স্পন্সরসহ বিপুল সংখ্যক শেয়ারহোল্ডার অংশ গ্রহন করেন। ব্যাংকের সম্মানিত চেয়ারম্যান আলমগীর কবির, এফসিএ, সভায় সভাপতিত্ব করেন।

সভায় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্বে) এম. কামাল হোসেন উপস্থিত শেয়ারহোল্ডারদের স্বাগত জানান এবং ২০১৬ সালে ব্যাংকের পরিচালন ফলাফল, ভবিষ্যত কর্মপরিকল্পনা এবং দক্ষতা ও মুনাফাবৃদ্ধির লক্ষ্যে গৃহীত কর্মসূচীর উপর আলোকপাত করেন।

সভায় ব্যাংকের পরিচালন ফলাফল, ভাল পরিচালন প্রসূত মুনাফা আয় ও ব্যবসায় উত্তম প্রবৃদ্ধি অর্জনের উপর প্রাণবন্ত আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় প্রকাশ করা হয় যে ব্যাংক বিগত ২০১৬ সালে ৮,৫০৩.২২ মিলিয়ন টাকা (সম্মিলিত) পরিচালন মুনাফা অর্জন করেছে। ৩১শে ডিসেম্বর, ২০১৬ তারিখে ব্যাংকের আমানতের পরিমাণ ২২৯,৯৭৩.৪৩ মিলিয়ন টাকা, মোট সম্পদের পরিমাণ ২৯১,৭৯৮.০১ মিলিয়ন টাকা, শেয়ার প্রতি আয়ের পরিমাণ ২.৬৬ টাকা (সম্মিলিত), শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য ২৮.৯৩ টাকা (সম্মিলিত) এবং শেয়ার প্রতি নেট পরিচালন নগদ প্রবাহ ছিল ১২.৫৭ টাকা (সম্মিলিত)। ২০১৬ সনে ব্যাংকের প্রাইস আর্নিং রেসিও ছিল ৭.০৫ গুণ। ৩১শে ডিসেম্বর, ২০১৬ ইং তারিখে ব্যাংকের মূলধন ও রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৩৪,০৫৬.২৮ মিলিয়ন টাকায়। বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ১০.৬২৫% মূলধন পর্যাপ্ততার অনুপাতের বিপরীতে ৩১শে ডিসেম্বর ২০১৬ তারিখে ব্যাংক ঝুঁকিপূর্ণ সম্পদের উপর ১২.১৫% মূলধন পর্যাপ্ততা অনুপাত বজায় রাখে।

ক্রেডিট রেটিং ইনফরমেশন এন্ড সার্ভিসেস লিমিটেড (ক্রিসল) ২০১৫ সালের আর্থিক বিবরণীর উপর ভিত্তি করে দীর্ঘমেয়াদের জন্য ব্যাংকের ক্রেডিট রেটিং এএ (ডবল এ) এবং স্বল্প মেয়াদের জন্য এসটি-২ প্রদান করেছে। দীর্ঘমেয়াদের জন্য তাদের রেটিং ২২শে জুন, ২০১৭ পর্যন্ত বলবৎ থাকবে। সভায় আরও প্রকাশ করা হয় যে, ২০১৬ সনের ব্যাংকের ক্রেডিট রেটিং করার দায়িত্ব ক্রেডিট রেটিং ইনফরমেশন সার্ভিসেস লিমিটেডকে দেয়া হয়েছে। তাদের রেটিং রিপোর্ট পাওয়ার পর পরই তা তদারককারী কর্তৃপক্ষকে জানানো হবে এবং পত্রিকায় প্রকাশ করা হবে।

৮ম বিশেষ সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ সর্বসম্মতক্রমে নিম্নবর্ণিত দুটি সিদ্ধান্ত অনুমোদন করেন : (ক) প্রতি ২টি শেয়ারের বিপরীতে ১টি রাইট শেয়ার অর্থাৎ ১ (এক) (রাইট) : ২ (দুই) অনুমোদিত হয়। যেখানে ২.৫০ টাকা প্রিমিয়ামসহ প্রতিটি শেয়ারের মূল্য হবে ১২.৫০ টাকা এবং (খ) ব্যাংকের মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রম স্বতন্ত্রভাবে পরিচালনার জন্য "টেলিক্যাশ লিমিটেড" নামে একটি সাবসিডিয়ারী কোম্পানী গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কোম্পানী "টেলিক্যাশ" ব্রান্ড নামে সেবা প্রদান করবে।

২২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত শেয়ারহোল্ডারগণের সর্বসম্মত ভোটে শেয়ারহোল্ডারদের মধ্যে ২০% নগদ লভ্যাংশ বিতরণ ও ২০১৬ সালের আর্থিক বিবরণীসমূহ অনুমোদিত হয়। সভায় শেয়ারহোল্ডারগণ পরিচালক নির্বাচন করেন এবং ২০১৭ সনের জন্য বহিঃনিরীক্ষক নিয়োগে অনুমোদন দেন।

সাউথইস্ট ব্যাংকের চেয়ারম্যান আলমগীর কবির, এফসিএ, তাঁর ভাষণে ব্যাংকের উচ্চ প্রবৃদ্ধি অর্জনে সর্বাত্মক সহযোগিতা ও সমর্থনের জন্য পরিচালকবৃন্দ এবং শেয়ারহোল্ডারগণের উচ্ছ্বসিত প্রশংসা করেন। তিনি ব্যাংকের পরিচালন দক্ষতার মান ও মুনাফাবৃদ্ধির জন্য শেয়ারহোল্ডারদের উত্থাপিত সুচিন্তিত ও গঠনমূলক পরামর্শসমূহ বাস্তবায়নেরও প্রতিশ্রুতি প্রদান করেন।

বেশ কিছু সংখ্যক শেয়ারহোল্ডার সভায় বক্তব্য রাখেন। তারা চমৎকার পরিচালন ফলাফল, উৎসাহ ব্যঞ্জক লভ্যাংশ ঘোষণা এবং তথ্য-সমৃদ্ধ এবং মনোরম বার্ষিক প্রতিবেদন-২০১৬ প্রকাশের জন্য ব্যাংকের পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ভূয়সী প্রশংসা করেন।